



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩১.২১/১৭০৬/৩

তারিখ: ০৭/১১/২০২১ খ্রি.

বিষয়: বগুড়া জেলার গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ এর ০১ জন প্রভাষক ও ০১ জন পরিচ্ছন্নতা কর্মীর এমপিও'র বিষয়ে নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ এর ০১ জন প্রভাষক ও ০১ জন পরিচ্ছন্নতা কর্মীর এমপিও'র বিষয়ে নির্দেশনা চেয়ে উক্ত কলেজের অধ্যক্ষ আবেদন করেন।

আবেদনের বর্ণনা: বগুড়া জেলার গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ এর প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) জনাব মোছা: শাহিদা খাতুন এর এমপিওভুক্তির লক্ষ্যে কয়েকবার পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল বরাবর আবেদন করা হয়। ১ম বার সিএস কপি ভুল হওয়ার জন্য আবেদন নতুন করতে বলেন। এরপর সিএস কপি ঠিক করে পুনরায় আবেদন করা হয়। পরবর্তীতে আবেদন করার পর উক্ত কর্তৃপক্ষ সিএস কপি কেন ভুল হয়েছে তার ব্যাখ্যা দিতে বলেন। ব্যাখ্যাসহ পুনরায় আবেদন করা হলে তথ্য যাচাই বাছাই অন্তে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুনরায় আবেদন নামঞ্জুর করা হয়। পরিচ্ছন্নতা কর্মী জনাব মোঃ আবু তালেব এর এমপিওভুক্তির লক্ষ্যে বেশ কয়েকবার পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল বরাবর আবেদন করা হয়। ১ম বার বিলম্বে এমপিও আবেদন করার কারণ উল্লেখ করে ব্যাখ্যা চেয়ে নামঞ্জুর করা হয়। পরবর্তীতে আবেদন করা হলে জন্মতারিখ ভুল হওয়ায় পুনরায় আবেদন নামঞ্জুর করা হয়। জন্মতারিখ সংশোধনপূর্বক পুনরায় আবেদন করা হয়। বারবার এমপিও'র আবেদন নামঞ্জুর করায় উক্ত শিক্ষক ও কর্মচারী এমপিও থেকে বঞ্চিত হচ্ছেন এবং তাঁরা মানবেতর জীবনযাপন করছেন। বর্ণিত বিষয়টি এমপিও কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটির সিদ্ধান্ত মোতাবেক জনাব মোছা: শাহিদা খাতুন প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) এর নিয়োগে দুটি ফলাফল সীট থাকার বিষয়ে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান করার জন্য অধ্যক্ষকে ও বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭/১১/২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
শাজাহানপুর, বগুড়া।

অনুলিপি:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। সভাপতি, গোহাইল ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ, শাজাহানপুর, বগুড়া।
- ৩। সংরক্ষণ নথি।